

## (ঙ) গোষ্ঠী পেনশন বীমা (Group Pension Insurance)

অবসর জীবনকে আর্থিক ভাবনাহীন করার জন্য গোষ্ঠী পেনশন বীমার বিকল্প নেই এ বীমার মেয়াদ অন্তে পেনশন প্রদান শুরু করে ১০ (দশ) বছর পর্যন্ত নিশ্চয়তা সহকারে মৃত্যু পর্যন্ত চালু থাকে।

### সহযোগী বীমা (Supplementary Insurance)

উপরে বর্ণিত বীমার সাথে নিম্নে বর্ণিত একটি বা সব কয়টি সহযোগী বীমা নেয়া যেতে পারে।

#### দুর্ঘটনাজনিত মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপূরণ বীমা

মূল বীমার সাথে অতিরিক্ত সামান্য প্রিমিয়ামে দুর্ঘটনার মৃত্যুতে বীমার অংকের দ্বিগুণ মৃত্যু দাবী পরিশোধ করা হয়।

#### দুর্ঘটনাজনিত অংগহানী বীমা

দুর্ঘটনার ফলে শরীরের নির্ধারিত কোন অংগহানি হলে বীমা অংকের পুরো কিংবা আংশিক দাবী অতিরিক্ত পরিশোধ করা হয়।

#### বীমার অংক দুইভাবে নির্ধারণ করা হয়

(ক) বীমার অংক মূল মাসিক বেতনের একটি নির্ধারিত গুণিতক হিসাবে (যেমন, মাসিক বেতনের ১২ অথবা ২৪ অথবা ৩৬ গুণ প্রভৃতি) নির্ধারণ করা যেতে পারে। এই সাধারণ গুণিতক পদ মর্যাদা বা আয়স্কর নির্বিশেষে সকলের ক্ষেত্রে প্রযোজ্য হবে। অথবা,

(খ) পদ মর্যাদা বা বেতন স্তর বা উভয়ের সহযোগে সদস্যদেরকে কয়েকটি গ্রেড এ বিভক্ত করা হয় এবং গ্রেড অনুযায়ী বীমার অংক নির্ধারিত হয়।

#### কিভাবে গোষ্ঠী বীমা করা যায়

অনুর্ধ্ব ৬০ বছর বয়স পর্যন্ত সকল কর্মকর্তা ও কর্মচারী গোষ্ঠী বীমার আওতাভুক্ত হতে পারেন। গোষ্ঠী বীমার ক্ষেত্রে নূন্যতম সদস্য সংখ্যা ১৫ জন। নির্দিষ্ট মেয়াদে অথবা চাকুরীর মেয়াদে কিংবা প্রতিষ্ঠানের নির্ধারিত মেয়াদকাল পর্যন্ত গোষ্ঠী বীমা করা যায়।

#### প্রিমিয়াম

গোষ্ঠী বীমার কোন নির্দিষ্ট প্রিমিয়াম তালিকা বীমাবিদগণ এখন পর্যন্ত তৈরী করতে পারেননি। তাই গোষ্ঠী বীমার সর্বনিম্ন প্রিমিয়াম নির্বাচন করার জন্য আমাদের নিম্নের ছক অনুযায়ী তথ্য প্রয়োজন।

প্রতিষ্ঠানের নাম

ঠিকানা

কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ

ক্রমিক নং	নাম	পদ মর্যাদা	জন্ম তারিখ	মাসিক মূল বেতন	বীমা অংক
-----------	-----	---------------	---------------	-------------------	-------------

উপরোক্ত তথ্যগুলি পাবার সাথে সাথে আমরা সর্বনিম্ন প্রিমিয়াম হার নির্ধারণ করে আপনাদের জানিয়ে দেব।

## বীমার চুক্তি

পূর্ববর্ণিত ছক অনুযায়ী সম্পূর্ণ তথ্য পাওয়ার পর প্রিমিয়াম নির্ধারিত হয়। এরপর প্রথম বৎসরের প্রিমিয়াম পাবার পর বীমাচুক্তি সম্পাদিত হয়।

## বীমা দাবী

একমাত্র ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স কোম্পানী বীমা দাবী পেশ করার ৭ দিনের মধ্যে পরিশোধের কৃতিত্ব রাখে। কেননা বেদনার দিনগুলোতে সহানুভূতি ও সাহায্য বন্ধুত্বকে সুদৃঢ় করতে সহায়ক হবে।

প্রচলিত জীবন বীমা ব্যতীত কোম্পানী গোষ্ঠী বীমা স্ফীমাধীন জীবন বীমার নিরাপত্তা ব্যবস্থা করেছে।

### এগুলো হলো :

- ১। গোষ্ঠী সাময়িক বীমা
- ২। গোষ্ঠী মেয়াদ বীমা
- ৩। গোষ্ঠী পেনশন বীমা, যেমন :-

(ক) অবসর পেনশন

(খ) অবসরে এককালীণ থোক টাকা

(গ) অবসরের পূর্বে মৃত্যু ঘটলে এককালীন থোক টাকা

(ঘ) অবসরের পূর্বে অথবা পরে মৃত্যু ঘটলে স্ত্রীর জন্য পেনশন।

ন্যূনতম ব্যয়ে জীবন বীমা নিরাপত্তা এবং অধিক উৎপাদন লক্ষ্যে কর্মচারীদের নৈতিক মনোবল অর্জন করার ব্যাপারে এ সকল স্ফীমগুলি উত্তম পছন্দ। এ সকল স্ফীম ব্যতীত প্রয়োজনবোধে কোম্পানী বিশেষ গোষ্ঠীর জন্য কম প্রিমিয়ামে অন্য স্ফীমের প্লান বিবেচনা করতে পারে।

জীবন বীমা বহু সমস্যার সূষ্ঠ সমাধান করতে পারে। ইহা যথার্থই একটি অসাধারণ এবং উপকারী সম্পত্তি কারণ ইহা একই সাথে নিরাপত্তাসহ সম্পত্তি, মানসিক শান্তি, অবসর গ্রহণের পর উপার্জন, নিশ্চিত প্রাপ্তিযোগ্য মূলধন এবং কর নিবারক।

### কখন সঞ্চয়ের অতি প্রয়োজন হয়।

- ❖ হঠাৎ মৃত্যু ঘটলে।
- ❖ জরুরী ভিত্তিক খরচের প্রয়োজনে।
- ❖ যখন উপার্জন বন্ধ হয়ে যায় কিন্তু সংসারের খরচ ঠিকই থাকে।
- ❖ বৃদ্ধ বয়সে।
- ❖ মেয়ের বিয়ের জন্য।
- ❖ অবসর সময়ে।
- ❖ গৃহ নির্মাণের জন্য।